বাংলাদেশ স্কাউটস
জাতীয় সদর দফতর, জাতীয় স্কাউট ভবন
৬০ আঞ্জুমান মুফিদুল ইসলাম সড়ক, কাকরাইল, ঢাকা-১০০০, বাংলাদেশ

BANGLADESH SCOUTS
National Headquarters, National Scout Bhaban
60 Anjuman Mufidul Islam Road, Kakrail, Dhaka-1000, BANGLADESH

স্মারক নং-বাঃস্কাঃ(আন্তর্জাতিক-১৭৯/২০২১)/ ৮২৯(১৮০)/২০২১

তারিখ : ১৮ কার্তিক ১৪২৮ / ৩ নভেম্বর ২০২১

## সংশোধিত পরিপত্র : ২৫তম বিশ্ব স্কাউট জাম্বুরী, কোরিয়া

২৫তম বিশ্ব স্কাউট জাম্বুরী আগামী ১ - ১২ আগস্ট ২০২৩ পর্যন্ত কোরিয়ার স্যামানগুমে (SaeManGeum, KOREA) অনুষ্ঠিত হবে। উক্ত জাম্বুরীতে স্কাউট, রোভার স্কাউট, ইয়াং অ্যাডাল্ট ও অ্যাডাল্ট লিডার অংশগ্রহণ করতে পারবেন এবং বাংলাদেশ স্কাউটস একটি বৃহৎ কন্টিনজেন্ট প্রেরণ করবে। বিস্তারিত তথ্য নিম্নরূপ :

| | | | |
|---|---|---|---|
| ইভেন্টের নাম | : | ২৫তম বিশ্ব স্কাউট জাম্বুরী (25th World Scout Jamboree) | |
| তারিখ | : | ১ - ১২ আগস্ট ২০২৩ | |
| ভেন্যু | : | স্যামানগুম, কোরিয়া | |
| থিম | : | Draw your Dream! | |
| স্কাউট | : | কমপক্ষে স্ট্যান্ডার্ড ব্যাজ<br>জন্ম : ২২ জুলাই ২০০৫ থেকে ৩১ জুলাই ২০০৯ এর মধ্যে। | |
| ইউনিট লিডার | : | কমপক্ষে উডব্যাজ অর্জনকারী। | |
| পূর্ণাঙ্গ ইউনিট | : | ৯ জন স্কাউট ও ১ জন ইউনিট লিডার। অঞ্চলসমূহ পূর্ণাঙ্গ ইউনিট তৈরী করে জাতীয় সদর দফতরে প্রেরণ করবে। | |
| আইএসটি (International Service Team) | : | রোভার স্কাউট :<br>জন্ম : | কমপক্ষে প্রশিক্ষণ স্তর।<br>১ আগস্ট ১৯৯৮ থেকে ২১ জুলাই ২০০৫ এর মধ্যে। |
| | : | ইয়াং অ্যাডাল্ট :<br>জন্ম : | কমপক্ষে ইউনিট লিডার বেসিক কোর্স সম্পন্নকারী।<br>১ আগস্ট ১৯৯৩ থেকে ৩১ জুলাই ১৯৯৮ এর মধ্যে। |
| | : | অ্যাডাল্ট লিডার : | কমপক্ষে উডব্যাজ অর্জনকারী। |
| সিএমটি (Contingent Management Team) | : | অ্যাডাল্ট লিডার : | ক) বয়স পঁচিশোর্ধ্ব হতে হবে।<br>খ) বাংলাদেশ কন্টিনজেন্টকে সহায়তার জন্য জাম্বুরী শুরুর পূর্বে ও পরে দীর্ঘসময়ব্যাপি স্বেচ্ছাশ্রম প্রদানে শারীরিক ও মানসিকভাবে প্রস্তুত থাকতে হবে।<br>গ) আইসিটি ও অনলাইনে যোগাযোগের দক্ষতা থাকতে হবে। |
| সম্ভাব্য ব্যয় | : | কমবেশি মোট টাকা = ১,০০,০০০.০০ (এক লক্ষ) মাত্র। উল্লিখিত অর্থের মধ্যে রেজিস্ট্রেশন ফি, বিমান ভাড়া, ভিসা ফি, কন্টিনজেন্টস কিটস (ট্রলি ব্যাগ, রেইন কোট, ছাতা, স্কার্ফ, টি-শার্ট, ইউনিফর্ম, জ্যাকেট, ওয়াগল, মাস্ক, স্যানিটাইজার, হ্যান্ডি ব্যাগ প্রভৃতি) অন্তর্ভুক্ত থাকবে। উল্লেখ্য যে, এখানে বিমান ভাড়া স্বাভাবিক সময় বিবেচনায় ধার্য্য করা হয়েছে। বিমান ভাড়া বিবিধ কারণে অপ্রত্যাশিতভাবে উঠানামা করে। সুতরাং পরিবর্তিত পরিস্থিতি সাপেক্ষে অংশগ্রহণ ব্যয় কমবেশি হতে পারে যা অংশগ্রহণকারীকে বহন করতে হবে। উক্ত ব্যয়ের বিষয়ে বাংলাদেশ স্কাউটস এর কোন আর্থিক সংশ্লেষ থাকবে না। | |
| অর্থ জমা প্রদান | : | চূড়ান্তভাবে নির্বাচিত হওয়ার পর জাম্বুরী বিষয়ক প্রশিক্ষণের পূর্বে আবেদনকারীদের বাংলাদেশ স্কাউটসে কোন অর্থ জমা প্রদান করতে হবে না। জাতীয় সদর দফতর পরবর্তীতে অর্থ জমা প্রদানের তারিখ, পরিমান প্রভৃতি বিষয়ে লিখিতভাবে অবহিত করবে। | |
| আবেদনপত্র জমা | : | বাংলাদেশ স্কাউটস এর সকল অঞ্চল সংযুক্ত নীতিমালা অনুসরণপূর্বক যথাযথ প্রক্রিয়ায় পূর্ণাঙ্গ ইউনিটের স্কাউট, ইউনিট লিডার, আইএসটি ও সিএমটি বাছাই করে অগ্রায়ণপত্রসহ আবেদনপত্র আগামী ৩০ নভেম্বর ২০২১ জাতীয় সদর দফতরে প্রেরণ করতে হবে। নির্ধারিত তারিখের পরে কোন আবেদন পত্র গ্রহণ করা হবে না। আবেদন পত্র প্রদানের সময় কোন অর্থ প্রদান করতে হবে না। | |

০৩/১১/২০২১
(আরশাদুল মুকাদ্দিস)
নির্বাহী পরিচালক
বাংলাদেশ স্কাউটস

বিতরণ: জ্ঞাতার্থে ও কার্যার্থে:

১। আঞ্চলিক উপ কমিশনার (আন্তর্জাতিক), বাংলাদেশ স্কাউটস, সকল অঞ্চল ;
২। সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, সকল অঞ্চল ;
৩। আঞ্চলিক পরিচালক/উপ পরিচালক, বাংলাদেশ স্কাউটস, সকল অঞ্চল ;
৪। প্রফেশনাল স্কাউট এক্সিকিউটিভ (সকল), বাংলাদেশ স্কাউটস ;

সদয় জ্ঞাতার্থে:

১। প্রধান জাতীয় কমিশনার, বাংলাদেশ স্কাউটস ;
২। জাতীয় কমিশনার (সকল), বাংলাদেশ স্কাউটস ;
৩। সভাপতি/কমিশনার, বাংলাদেশ স্কাউটস, সকল অঞ্চল ;
৪। জাতীয় উপ কমিশনার (সকল), বাংলাদেশ স্কাউটস।

২৫তম বিশ্ব স্কাউট জাম্বুরী

১-১২ আগস্ট ২০২৩

কোরিয়া

# কন্টিনজেন্ট বাছাই নীতিমালা

১. বাংলাদেশ স্কাউটস এর জাতীয় সদর দফতর কর্তৃক নির্ধারিত ফরমে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। আবেদন ফরম বাংলাদেশ স্কাউটস এর ওয়েবসাইট ( scouts.gov.bd) এ পাওয়া যাবে।

২. অঞ্চলসমূহ ৯ জন স্কাউট ও ১ জন ইউনিট লিডার এর সমন্বয়ে সর্বমোট ১০ জনের পূর্ণাঙ্গ ইউনিট বাছাই করে আবেদন ফরম ফরওয়ার্ডিংসহ জাতীয় সদর দফতরে প্রেরণ করবে। অধিক সংখ্যক ইউনিট প্রেরণের জন্য অঞ্চলসমূহকে উৎসাহিত করা হচ্ছে। উল্লেখ্য, অসম্পূর্ণ ইউনিট প্রেরণ করা যাবেনা। ভিন্ন ভিন্ন ইউনিট থেকে স্কাউট নিয়ে জাম্বুরীর জন্য একটি পূর্ণাঙ্গ ইউনিট গঠন করা যাবে।

৩. আবেদনকারীদের আবশ্যিকভাবে বিএস আইডি (BS ID) থাকতে হবে।

৪. আবেদনকারীকে আবশ্যিকভাবে ইউনিটের সাথে সম্পৃক্ত থাকতে হবে এবং সংশ্লিষ্ট ইউনিটের চার্টার নম্বর থাকতে হবে।

৫. আবেদনকারীর ইংরেজি বলা ও বুঝতে পারার স্বাভাবিক যোগ্যতা থাকতে হবে।

৬. ২৫তম বিশ্ব স্কাউট জাম্বুরীর জন্য চূড়ান্তভাবে মনোনীতদের আবশ্যিকভাবে বৈধ পাসপোর্ট থাকতে হবে এবং পাসপোর্টের মেয়াদ ২০২৪ সালের ফেব্রুয়ারি পর্যন্ত থাকতে হবে। **উল্লেখ্য, আবেদনকালীন সময়ে পার্সপোর্ট থাকা আবশ্যক নয়।**

৭. ২৫তম বিশ্ব স্কাউট জাম্বুরীর জন্য চূড়ান্তভাবে মনোনীতদের আবশ্যিকভাবে বাংলাদেশ কন্টিনজেন্ট ও জাম্বুরী কর্তৃপক্ষ কর্তৃক নিধারিত নিয়ম মেনে চলতে প্রতিশ্রুতিবদ্ধ হতে হবে। এ বিষয়ে বাংলাদেশ স্কাউটসকে লিখিত অঙ্গীকারনামা প্রদান করতে হবে।

৮. জাম্বুরীতে অংশগ্রহণের যাবতীয় ব্যয়ভার ব্যক্তিগতভাবে বহন করতে হবে।

৯. যেসকল স্কাউট/ স্কাউটারের কর্মকান্ড স্কাউট প্রতিজ্ঞা ও আইনের সাথে সাংঘর্ষিক এবং যাদের কর্মকান্ড ইতোমধ্যে স্কাউট ভাবমূর্তিকে প্রশ্নবিদ্ধ করেছে তাদেরকে মনোনয়ন দেয়া হবেনা।

১০. যারা ইতোমধ্যে বিদেশে স্কাউট প্রোগ্রামে গিয়ে বাংলাদেশ স্কাউটস এর আরোপিত নীতিমালা ভঙ্গ করেছেন তাদেরকে মনোনয়ন দেয়া হবেনা।

১১. যারা দীর্ঘ সময় ব্যাপী স্কাউটিং এর সাথে সম্পৃক্ত রয়েছেন কিন্তু কোন বিদেশী স্কাউট ইভেন্টে অংশগ্রহণ করেননি তাদেরকে অগ্রাধিকার দেয়া হবে।

১২. মনোনয়নের ক্ষেত্রে ৩০% গার্ল ইন স্কাউট অগ্রাধিকার দেয়া যেতে পারে। গার্ল ইন স্কাউট ইউনিটের সাথে আবশ্যিকভাবে মহিলা ইউনিট লিডার থাকতে হবে।

১৩. বয়স ও শারীরীক সক্ষমতা বিবেচনায় নিতে হবে।

১৪. স্কাউটিং এর সাথে সম্পৃক্ত নন এমন কেউ কোনভাবেই যাতে নির্বাচিত না হন তা নিশ্চিত করতে হবে।

১৫. স্বাস্থ্যবিধি মেনে কন্টিনজেন্ট বাছাই প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

## বিশ্ব স্কাউট জাম্বুরীতে অংশগ্রহণে স্কাউটদের যোগ্যতা

১. বাংলাদেশের নাগরিক ও বাংলাদেশে বসবাসকারী হতে হবে।
২. ন্যুনতম স্ট্যান্ডার্ড ব্যাজ প্রাপ্ত হতে হবে।
৩. মাই প্রোগ্রেস বুক হালনাগাদ থাকতে হবে।
৪. চূড়ান্তভাবে নির্বাচিত স্কাউটদের অভিভাবক, ইউনিট লিডার ও প্রযোজ্য ক্ষেত্রে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের লিখিত অনুমতি থাকতে হবে।

## বিশ্ব স্কাউট জাম্বুরীতে অংশগ্রহণে ইউনিট লিডারদের যোগ্যতা

১. কমপক্ষে উডব্যাজার হতে হবে।
২. যেকোন পর্যায়ে কমপক্ষে ১টি ক্যাম্প করার অভিজ্ঞতা থাকতে হবে।
৩. বয়স সর্বনিম্ন ৩০ বছর হতে হবে।

## বিশ্ব স্কাউট জাম্বুরীতে অংশগ্রহণে আইএসটিদের যোগ্যতা

১. আইএসটি হিসেবে অংশগ্রহণে ইচ্ছুক রোভারদের কমপক্ষে প্রশিক্ষণ স্তরের হতে হবে। রোভারদের জন্মতারিখ ১ আগস্ট ১৯৯৮-৩১ জুলাই ২০০৫ এর মধ্যে হতে হবে।
২. আইএসটি হিসেবে অংশগ্রহণে ইচ্ছুক ইয়াং এডাল্টগণ কমপক্ষে বেসিক কোর্স সম্পন্ন হতে হবে। ইয়াং অ্যাডাল্টদের জন্ম তারিখ ১ আগস্ট ১৯৯৩- ৩১ জুলাই ১৯৯৮ এর মধ্যে হতে হবে।
৩. আইএসটি হিসেবে অংশগ্রহণে ইচ্ছুক অ্যাডাল্টগণ কমপক্ষে উডব্যাজ প্রাপ্ত হবেন। অ্যাডাল্টগণের বয়সকমপক্ষে ৩০ বছর হতে হবে।

## বিশ্ব স্কাউট জাম্বুরীতে অংশগ্রহণে সিএমটিদের যোগ্যতা

১. বয়স পঁচিশোর্ধ্ব হতে হবে।
২. অতীতে বিশ্ব স্কাউট জাম্বুরীতে অংশগ্রহণকারীদের অগ্রাধিকার প্রদান করা হবে।
৩. বাংলাদেশ স্কাউটস এর আয়োজনে বিভিন্ন সময়ে অনুষ্ঠিত স্কাউট কার্যক্রমে কর্মকর্তা বা স্বেচ্ছাসেবী হিসেবে দায়িত্বপালন করার অভিজ্ঞতা থাকতে হবে।
৪. আইসিটি দক্ষতা থাকতে হবে।
৫. অনলাইনে যোগাযোগের দক্ষতা থাকতে হবে।
৬. জাম্বুরীর পূর্বে ও পরে বাংলাদেশ কন্টিনজেন্টকে স্বেচ্ছাসেবী হিসেবে সার্বিক সহায়তার মানসিকতা থাকতে হবে।

***** উল্লিখিত নীতিমালা দ্বারা কোন বিষয় মীমাংসিত না হলে বাংলাদেশ স্কাউটস এর প্রধান জাতীয় কমিশনার মহোদয়ের নির্দেশনা মোতাবেক আন্তর্জাতিক বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।**